গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
www.rda.gov.bd

**বিষয়ঃ "মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দি চরস (এমফোরসি)-২য় পর্যায়" শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর ২য় সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ জনাব খলিল আহমদ, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
সভার স্থান ঃ কনফারেন্স রুম, আইডব্লিউএম ভবন, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
তারিখ ঃ ২৫ জানুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ (মঙ্গলবার)
সময় ঃ সকাল ১১:৩০ ঘটিকা।

সভায় নিম্নোক্ত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

**(জুম প্লাটফর্মে অংশগ্রহণকারী)**

১. জনাব মোঃ রাশিদুল ইসলাম, অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
২. জনাব মোঃ মোতাছিম বিল্লাহ, যুগ্মসচিব (পরিকল্পনা), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৩. জনাব মোঃ মাহবুবুল হক পাটওয়ারী, যুগ্মপ্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন।
৪. ড. মোঃ গোলাম মোস্তফা, উপসচিব (পরিকল্পনা-৬), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৫. জনাব মাহবুবা আইরিন, উপসচিব, ইউরোপ-৩ অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৬. জনাব মাহমুদা আক্তার, উপসচিব, বাজেট-১২, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৭. জনাব মোছাঃ জেসমুন নাহার, উপপ্রধান, পল্লী প্রতিষ্ঠান ও সমন্বয় উইং, পরিকল্পনা কমিশন।
৮. জনাব মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার, উপপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা কমিশন।
৯. জনাব কানিজ ফাতেমা, সিনিয়র সহকারী প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন।
১০. জনাব মোঃ হেলাল খান, মূল্যায়ন কর্মকর্তা, আইএমইডি, পরিকল্পনা কমিশন।

**(সরাসরি অংশগ্রহণকারী)**

১. জনাব মাকছুদ আলম খান, ভারপ্রাপ্ত পরিচালক, প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ বিভাগ, পউএ, বগুড়া।
২. ড. মোঃ আব্দুল মজিদ প্রামানিক, প্রকল্প পরিচালক, এমফোরসি-২য় পর্যায় শীর্ষক প্রকল্প, পউএ, বগুড়া।
৩. ড. মোহাম্মদ আব্দুল কাদের, উপ-পরিচালক ও ডেস্ক অফিসার, প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ বিভাগ, পউএ, বগুড়া।

২.০ উপস্থাপনা ও আলোচনা

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার বিষয়বস্তু উপস্থাপন করার জন্য প্রকল্প পরিচালক ড. মোঃ আব্দুল মজিদ প্রামানিক কে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক সভার কার্যপত্র উপস্থাপন করেন।

সভায় গত ১২ অক্টোবর, ২০২১ তারিখে অনুষ্ঠিত পিআইসি'র ১ম সভার সিদ্ধান্তের আলোকে গৃহীত ব্যবস্থা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর প্রকল্প পরিচালক সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেনঃ

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্তসমূহ |
|---|---|---|---|
| ১. | প্রকল্পের আর্থিক অগ্রগতি সংক্রান্ত | প্রকল্পটির অনুকূলে ২০২১-২০২২ অর্থ বছরের এডিপিতে মোট ১,৫৮০.০০ লক্ষ (জিওবি ৩৬৮.০০ লক্ষ এবং প্রকল্প সাহায্য ১,২১২.০০ লক্ষ) টাকা বরাদ্দ রয়েছে। ডিসেম্বর, ২০২১ পর্যন্ত অর্থ অবমুক্ত হয়েছে মোট ১,৩৯৬.০০ লক্ষ (জিওবি ১৮৪.০০ লক্ষ এবং প্রকল্প সাহায্য ১,২১২.০০ লক্ষ) টাকা এবং ব্যয় হয়েছে মোট ১,৩০১.১৫ লক্ষ (জিওবি ৮৯.১৫ লক্ষ এবং প্রকল্প সাহায্য ১,২১২.০০ লক্ষ) টাকা যা বরাদ্দের (৮২.৩৫%) এবং বাস্তব অগ্রগতি ৮৬.০০%। | যথাসময়ে প্রকল্পের অর্থছাড়ের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে যোগাযোগ রাখতে হবে। |

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্তসমূহ |
|---|---|---|---|
| ২. | প্রকল্পের বাস্তব অগ্রগতি সংক্রান্ত | প্রকল্পের আওতায় ০১ টি বার্ষিক পরিকল্পনা সভা, ০২টি রিভিউ সভা, ০১টি পিআইসি ও ০১টি পিএসসি সভা বাস্তবায়ন করা হয়েছে। এছাড়াও ০১টি প্রারম্ভিক কর্মশালা এবং ০৫টি জেলায় (রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট ও জামালপুর) প্রকল্প অবহিতকরণ বিষয়ক কর্মশালা বাস্তবায়ন করা হয়েছে। এছাড়াও প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান ও সেক্টরকে প্রকল্পের কার্যক্রমে সহযোগিতার অনুরোধ জানিয়ে ইতোমধ্যে মহাপরিচালক মহোদয় কর্তৃক স্বাক্ষরিত পত্র প্রেরণ করা হয়েছে। প্রকল্পের কর্মপরিকল্পনা কর্মশালা গত ০৪-০৬ জুলাই, ২০২১ মেয়াদে অনুষ্ঠিত হয়েছে এবং এমফোরসি-সিডিআরসি'র জন্য ০৪ (চার) বছরের কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।<br><br>ন্যাশনাল চর এলাইন্স এর সাথে এমফোরসি-২য় পর্যায় শীর্ষক প্রকল্পের আওতায় চর উন্নয়ন বিষয়ক কন্সালটেশন সভা বাস্তবায়ন সম্পন্ন করা হয়েছে। এছাড়াও 'আমার গ্রাম আমার শহর' প্রকল্প বাস্তবায়নকারী দলের সাথে আলোচনান্তে এমফোরসি-২য় পর্যায় শীর্ষক প্রকল্পের আওতায় গাইবান্ধা জেলার চর এলাকায় ০১টি গ্রামকে 'আমার গ্রাম আমার শহর' হিসেবে বাস্তবায়নের জন্য সম্পৃক্ত করা হয়েছে। | সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সাথে কাজের সুবিধার্থে সমঝোতা চুক্তি স্বাক্ষর করতে হবে। |
| ৩. | প্রশিক্ষণ সংক্রান্ত | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় ০১ টি 'স্টাফ ওরিয়েন্টেশন' এবং ০১ টি স্টাফ প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী ০১টি ব্যাচে 'গাভী পালন ও গরু মোটাতাজাকরণ বিষয়ক উদ্যোক্তা প্রশিক্ষণ' এবং ০১টি ব্যাচে 'নার্সারী ব্যবস্থাপনা বিষয়ক উদ্যোক্তা প্রশিক্ষণ' কোর্স সম্পন্ন করা হয়েছে। এছাড়াও ০১টি ব্যাচে 'হস্তশিল্প ও সেলাই বিষয়ক উদ্যোক্তা প্রশিক্ষণ' কোর্সটি চলমান রয়েছে। | পরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করতে হবে এবং প্রশিক্ষণ পরবর্তী প্রশিক্ষণার্থীদের উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠাকরণের প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে। |
| ৪. | পোর্টেবল স্টোরেজ নির্মাণ সংক্রান্ত | টিএপিপি অনুযায়ী ০৬টি পোর্টেবল স্টোরেজ নির্মাণের সংস্থান রয়েছে এবং সে অনুযায়ী ই-টেন্ডারের মাধ্যমে কাজটি সম্পাদনের বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করলে এ বিষয়ে পিআইসি'র সকল সদস্য একমত পোষণ করেন। প্রকল্প পরিচালক সভায় বলেন যে, ভূট্টা বেশি উৎপাদন হয় এমন এলাকায় পোর্টেবল স্টোরেজ নির্মাণ করা হলে এটি বেশি টেকসই ও কার্যকরী হবে। | ই-টেন্ডারের মাধ্যমে গাইবান্ধায়-০২টি এবং রংপুর, কুড়িগ্রাম ও লালমনিরহাটে ০১টি করে পোর্টেবল স্টোরেজ নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ৫. | সৌরবিদ্যুৎ চালিত নলকূপ স্থাপন ও খাবার পানি সরবরাহ নেটওয়ার্ক স্থাপন সংক্রান্ত | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় ০৫টি উপযুক্ত চর এলাকায় টিএপিপি অনুযায়ী সৌরবিদ্যুৎ চালিত নলকূপ স্থাপন ও খাবার পানি সরবরাহ নেটওয়ার্ক স্থাপনের সংস্থান রয়েছে। প্রকল্প পরিচালক আরও অবহিত করেন যে, চর এলাকা পরিদর্শন করে দেখা যায় খাবার পানির চাহিদা কম। চরের মানুষের চাহিদার প্রেক্ষিতে খাবার পানির লাইন না করে সেচ কাজে ব্যবহারের জন্য লাইন সম্প্রসারণ করা হলে চরের মানুষ বেশি উপকৃত হবে।<br><br>পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের যুগ্মপ্রধান জনাব মোঃ মাহবুবুল হক পাটওয়ারী সৌরবিদ্যুৎ চালিত নলকূপ স্থাপনের মাধ্যমে চর এলাকায় কৃষি কাজে টেকসই পাইপলাইনের মাধ্যমে সেচ কার্যক্রম সম্প্রসারণ করা যেতে পারে বলে তিনি অদ্যকার সভায় মত প্রকাশ করলে সভার সকল সদস্য এ বিষয়ে একমত পোষণ করেন। | সৌরবিদ্যুৎ চালিত নলকূপ স্থাপন করে খাবার পানি সরবরাহের পরিবর্তে চর এলাকায় কৃষি কাজে পাইপলাইনের মাধ্যমে সেচ কার্যক্রম সম্প্রসারণের বিষয়ে পিএসসি সভায় অনুমতি নিতে হবে। |

| ক্রঃ নং | আলোচনার বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্তসমূহ |
|---|---|---|---|
| ৬. | সুইসকন্টাক্ট এর কার্যক্রম সংক্রান্ত | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ রাশিদুল ইসলাম সুইসকন্টাক্ট এর কার্যক্রম সম্পর্কে জানতে চাইলে প্রকল্প পরিচালক এমফোরসি প্রকল্পের বাস্তবায়ন এবং সিডিআরসি'র কার্যক্রম শক্তিশালীকরণে সুইসকন্টাক্ট এর ভূমিকা উল্লেখ করেন।<br><br>পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগের যুগ্মপ্রধান জনাব মোঃ মাহবুবুল হক পাটওয়ারী পরবর্তী সভায় পিএ (সুইসকন্টাক্ট) এবং জিওবি অংশের আলাদা খরচ এবং কার্যক্রমের তথ্য প্রদানের বিষয়ে সুপারিশ করেন। | পরবর্তী সভায় পিএ (সুইসকন্টাক্ট) এবং জিওবি অংশের আলাদা খরচ এবং কার্যক্রমের তথ্য প্রদান করতে হবে। |

৩.০ পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/৮/২২

**(খলিল আহমদ)**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া।
ও
সভাপতি
প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)।